

ঘুরে দাঁড়াতে ঢেলে সাজছে বস্বে ডাইং

নিজস্ব সংবাদদাতা: লোকসানের চাদর সরিয়ে ঘুরে দাঁড়াতে নতুন পথে হাঁটছে ১৩৭ বছরের পুরনো বস্বে ডাইং। এ জন্য নিজেদের খুচরো ব্যবসার কৌশল ঢেলে সাজছে ওয়াদিয়া গোষ্ঠীর সংস্থাটি।

বস্বে ডাইংয়ের সিইও (খুচরো ব্যবসা) নাগেশ রাজমা মঙ্গলবার বলেন, “বিপণন পরিকাঠামো, ব্র্যান্ডিং ইত্যাদি খাতে ২০২০ সাল পর্যন্ত ১০০ কোটি টাকা লগ্নি করব।” তাঁর দাবি, এর হাত ধরে ২০২০ সালে ব্যবসা হাজার কোটি ছোঁবে। যা গত অর্থবর্ষে ছিল ৩০৫ কোটি। সে বার

লোকসান হয়েছিল। কিন্তু এ বার কর ও ‘ডেপ্রিসিয়েশেন’ বাবদ খরচ বাদ দেওয়ার আগে মূল লাভ হবে। ২০১৭-’১৮ সালে নিট মুনাফার ব্যাপারেও আশাবাদী তাঁরা। যেখানে সংস্থার ব্যবসায় উল্লেখযোগ্য ভূমিকা থাকবে পশ্চিমবঙ্গ-সহ পূর্বাঞ্চলের।

অন্য দিকে, নোট বাতিলে নভেম্বরে ব্যবসা ধাক্কা খেলেও ডিসেম্বরে ছবি পাল্টেছে, দাবি রাজমার। তিনি জানান, গত বছরের ডিসেম্বরের থেকে ব্যবসা বেড়েছে ৩০%। তিনি বলেন, “ক্রোতাদের মধ্যে আস্থা ফিরছে।”

ঘুরে দাঁড়ানোর কৌশল হিসেবে

পণ্য তৈরি করবে না বস্বে ডাইং। হাঁটবে আউটসোর্সিংয়ের পথে। তাদের মাপকাঠি মেনেই পণ্য তৈরির বরাত পাচ্ছে ৬০টি সংস্থা।

নাগেশ জানান, ২০২০ সালের মধ্যে বিপণির সংখ্যা দ্বিগুণ হবে। ফ্র্যাঞ্চাইজি ২০০ থেকে বেড়ে হবে ৫০০। বছরে নতুন ৩-৪টি পণ্য বাজারে আসবে। মার্চের মধ্যেই চালু হবে নিজস্ব পোর্টাল। সুমিত বর্মা, অরুণ বহেলের মতো আন্তর্জাতিক ডিজাইনারের নকশায় প্রথম ডিজিটাল প্রিন্টিং পদ্ধতিতে তৈরি পণ্যও বাজারে আসবে। লক্ষ্য, তরুণ প্রজন্মের বাজার।